

## সরকার রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অর্ডিন্যান্সের প্রাসঙ্গিক রেগুলেশনের লঙ্ঘনের উপর জরিমানা বাড়িয়েছে

সরকার ৪ ডিসেম্বর ২০২০ তারিখে ঘোষণা করেছে যে তারা প্রয়োজনীয় বাধার প্রভাব তৈরির জন্য প্রাসঙ্গিক রেগুলেশনগুলির লঙ্ঘনের জরিমানা বাড়িয়ে রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অর্ডিন্যান্সের (চ্যাপ্টার ৫৯৯) অধীন আইনগুলির সংশোধন গেজেটে প্রকাশিত করবে। প্রাসঙ্গিক আইনি সংশোধনগুলি ১১ ডিসেম্বর ২০২০ থেকে প্রযোজ্য হবে।

প্রাসঙ্গিক রেগুলেশনের অন্তর্গত সাম্প্রতিক সংশোধিত জরিমানা নিম্নরূপ:

### রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (গোষ্ঠি জমায়েত নিষিদ্ধকরণ) রেগুলেশন(চ্যাপ্টার ৫৯৯জি)

১. যে ব্যক্তি কোন নিষিদ্ধ গোষ্ঠি জমায়েতে অংশগ্রহণ করবে সেই অপরাধী সাব্যস্ত হবে। জমায়েতে অংশগ্রহণকারী ব্যক্তির একাধিক নির্দিষ্ট জরিমানা দিয়ে দোষমুক্ত হতে পারেন, যে জরিমানার পরিমাণ \$২০০০ থেকে বাড়িয়ে \$৫০০০ করা হয়েছে।

### রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (মাস্ক পরিধান করা) রেগুলেশন(চ্যাপ্টার ৫৯৯আই)

২. পাবলিক ট্রান্সপোর্টে চাপার সময় বা চাপার পর, MTR প্রদত্ত অঞ্চলে প্রবেশের সময় বা থাকার সময়, বিশেষ সাধারণ এলাকা (সেক্রেটারি ফর ফুড অ্যান্ড হেলথের নির্দেশ অনুযায়ী বিশেষ সাধারণ এলাকা বলতে এখন কান্ট্রি পার্কস্ অর্ডিন্যান্সের সেকশন ২-তে উল্লিখিত কান্ট্রি পার্ক ও বিশেষ এলাকাগুলির বাহ্যিক সাধারণ জায়গাগুলি ছাড়া অন্য সমস্ত সাধারণ এলাকাগুলি বোঝায়)-তে প্রবেশের সময় বা থাকার সময় প্রয়োজন অনুযায়ী মাস্ক না পরলে সংশ্লিষ্ট ব্যক্তিকে দোষী সাব্যস্ত করা হবে। অপরাধের ক্ষেত্রে সর্বোচ্চ জরিমানার পরিমাণ লেভেল ২(\$৫০০০) থেকে লেভেল ৩(\$১০,০০০)-তে বাড়ানো হয়েছে। দোষমুক্ত হওয়ার জন্য নির্দিষ্ট জরিমানার পরিমাণ \$২০০০ থেকে \$৫০০০ অর্ধি বাড়ানো হয়েছে।

৩. যদি কোন ব্যক্তি প্রয়োজন অনুসারে মাস্ক না পড়ে, তাহলে কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি সেই ব্যক্তিকে পাবলিক ট্রান্সপোর্টে উঠতে বা সংশ্লিষ্ট এলাকায় প্রবেশ করতে বাধা দিতে পারে, সেই ব্যক্তিকে মাস্ক পরতে বাধ্য করতে পারে এবং যান থেকে অবতরণ করতে পারে বা সেই এলাকা ত্যাগ করতে পারে। সংশ্লিষ্ট ব্যক্তি যান থেকে নামতে বা এলাকা ত্যাগ করতে আপত্তি জানালে তাকে অপরাধী সাব্যস্ত করা হবে। দোষ প্রমাণিত হলে সর্বোচ্চ জরিমানার পরিমাণ লেভেল ২(\$৫০০০) থেকে লেভেল ৩(\$১০,০০০) করা হয়েছে।

### রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (নির্দিষ্ট ব্যক্তিদের ক্ষেত্রে বাধ্যতামূলক টেস্টিং) রেগুলেশন(চ্যাপ্টার ৫৯৯জে)

৪. যে ব্যক্তি বাধ্যতামূলক টেস্টিং নির্দেশের বিধি বা বাধ্যতামূলক টেস্টিং নোটিশ লঙ্ঘন করবে তাকে অপরাধী সাব্যস্ত করা হবে। দোষ প্রমাণিত হলে সর্বোচ্চ জরিমানা লেভেল ১(\$২০০০) থেকে বাড়িয়ে লেভেল ৩(\$১০,০০০) করা হয়েছে। দোষমুক্ত হওয়ার জন্য নির্দিষ্ট জরিমানার পরিমাণ \$২০০০ থেকে বাড়িয়ে \$৫০০০ করা হয়েছে।